Open Source Gallery, Inc - 501(c)(3) Organization
306 17th street, Brooklyn, NY 11215, contact@opensourcegallery.org 646 279 3969 opensourcegallery.org
Hours: Wednesday-Saturday: 2-6pm

বি৬৭ বাসে সাত মিনিট

২২ মে-২৯ জুন ২০১৯
প্রদর্শনী উদ্বোধন: ২২ মে,সন্ধ্যা ৭-৯ ঘটিকায়
শিল্পীর বক্তব্য ও আলোচনা: ৩ মে,সন্ধ্যা ৭-৯ ঘটিকায়

মনিকা জাহান বোস কর্তৃক ‘বি৬৭ বাসে সাত মিনিট’ নামক একটি প্রদর্শনী ও প্রকল্প ওপেন সোর্স গ্যালারিতে প্রদর্শিত হবে। জলবায়ু পরিবর্তনের সমস্যার সমাধানের জন্য একতা দরকার- এই ধারণাই মনিকা প্রদর্শনীতে তুলে ধরেছেন। এই প্রদর্শনী ব্রুকলিনকে কেন্দ্র করে। মনিকা কেন্সিংটন পাড়ার বাংলাদেশীদের এবং ওপেন সোর্স গ্যালারীর সাউথ স্লপের বাসিন্দাদের মাঝে যোগাযোগ তৈরীর চেষ্টা করেন। ‘বি৬৭ বাসে সাত মিনিট’ মনিকা জাহান বোসের চলমান প্রকল্প ‘নারীর কথা: শাড়ীর মধ্যে জীবনগাঁথা’ এর একটি অংশ। এই প্রকল্পে শিল্পী নারীর প্রতীক হিসেবে তাঁতের শাড়ী ব্যবহার করেছেন। নারীর ক্ষমতায়ন ও জলবায়ুর স্থিতিস্থাপকতার হাতিয়ার হিসেবে এই শাড়ীতে বহুভাষাভাষীদের লেখা বিশেষকরে নারীদের লেখা প্রাধান্য পেয়েছে। মনিকা তার কাজের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের মোকাবেলায় স্থানীয় ও বিশ্ব সম্প্রাদায়ের মধ্যে যে সম্পর্ক তা অনুভব করার গুরত্ব প্রকাশ করেছেন। তিনি তার মায়ের গ্রাম (কাটাখালী গ্রাম, বড়বাইশদিয়া দ্বীপ, পটুয়াখালী জেলা), আমেরিকা এবং ইউরোপে বসবাসরত নারীদের যৌথ সহযোগিতায় জলবায়ু পরিবর্তন সম্পর্কিত চিত্র ও লেখা দিয়ে শাড়িতে শিল্প করেছেন। এই কাজ এবং শিল্পকর্মের মধ্য দিয়ে অংশগ্রহণকারীরা জলবায়ু পরিবর্তন প্রশমন ও এর প্রভাব মোকাবিলা করার জন্যে নিজেদেরকে উপযোগী করার কৌশল শিখতে পেরেছেন; উদাহারণস্বরূপ- পাবলিক যানবাহন ব্যবহার করা, কৃষিতে নতুন পদ্ধতি প্রয়োগের চেষ্টা এবং সৌর বিদ্যুৎ ব্যবহার করা। মনিকার ডিজাইন করা ব্লক, অংশগ্রহনকারীদের আঁকা ছবি এবং লেখা দিয়ে শাড়িগুলো তৈরি করা হয়েছে। শাড়িতে কাজ করার সময় অংশগ্রহণকারীরা জলবায়ু পরিবর্তন নিয়ে আলোচনা করেন। অংশগ্রহণকারীদের মধ্যে যারা উৎপাদনশীল ধনী দেশের, তারা কার্বন ব্যবহার হ্রাসের অঙ্গীকার শাড়িতে লিপিবদ্ধ করেন। এই জলবায়ু অঙ্গীকার লিপিবদ্ধ করা শাড়িগুলো বাংলাদেশের কাটাখালি গ্রামের নারীদের কাছে পৌঁছে দেয়া হয় পরনের জন্যে।

‘বি৬৭ বাসে সাত মিনিট’ প্রকল্পটিতে একটি শাড়ি বিষয়ক কর্মশালা করা হয় কেন্সিংটন- এ বাংলাদেশী নারীদের সাথে। এছাড়া ওপেন সোর্স গ্যালারীতে ৩টি অনুষ্ঠান করা হবে- ১) ৩ মে শিল্পীর বক্তব্য ও আলোচনা, ২) ২২ মে কমিনিউটি ইফতারের ব্যবস্থা এবং ৩) ২৯ জুন সমাপনী অনুষ্ঠান।

This program is supported, in part, by the National Endowment for the Arts, the Joseph Robert Foundation, and the New York City Department of Cultural Affairs, in partnership with the City Council. Open Source Gallery programming is made possible by the New York State Council on the Arts with the support of Governor Andrew M. Cuomo and the New York State Legislature.

Open Source Gallery, Inc - 501(c)(3) Organization
306 17th street, Brooklyn, NY 11215, contact@opensourcegallery.org 646 279 3969 opensourcegallery.org
Hours: Wednesday-Saturday: 2-6pm

মনিকা জাহান বোস একজন বাংলাদেশী–আমেরিকান শিল্পী, আইনজীবী ও মানবাধিকারকর্মী। তার কাজের মধ্যে চিত্রাঙ্কন, ভাস্কর্য, ফিল্ম ও ছাপচিত্র এবং তিনি পাকিস্তান, বাংলাদেশ, ভারত, জাপান, ফ্রান্স ও যুক্তরাষ্ট্রে বাস করেছেন। ওয়েসলিয়ান বিশ্ববিদ্যালয় এবং ভারতের শান্তিনিকেতনে তিনি শিল্পকলা বিষয়ে অধ্যয়ন করেন এবং কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে ডিগ্রী লাভ করেন। তার শিল্প প্রদর্শনী বিশ্বের বিভিন্ন দেশের গ্যালারি ও মিউজিয়ামে অনুষ্ঠিত হয়েছে– বাংলাদেশ, ফ্রান্স, জাপান, ভারত, গ্রিস, যুক্তরাষ্ট্র। বর্তমানে মনিকা যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসি–তে বসবাস করছেন, তবে প্রত্যেক বছর তিনি বাংলাদেশে আসেন এবং শিল্পকর্ম করেন। তিনি যুক্তরাষ্ট্রে অবস্থিত বাংলাদেশী মহিলাদের সংগঠন সংহতির পরিচালক পর্ষদের সদস্য।

মনিকা ২০১২ তে ‘নারীর কথা: শাড়ীর মধ্যে জীবনগাথা’ প্রকল্পটি আরম্ভ করেন। এখানে শিল্পের মাধ্যম হিসেবে ব্যবহার করেছে শাড়ি– একটি চিত্রপট, একটি গল্পের খাতা এবং একটি পোশাক। এখানে শিল্প ও সামাজিক কর্মশীলতা মিলন করে নারীর ক্ষমতায়নকে উদযাপন করা হচ্ছে। শিল্পী এই প্রকল্পটি নিয়ে যুক্তরাষ্ট্রের দশটি প্রদেশ ও নানা দেশ–বিদেশ ভ্রমন করেছেন। তার এই শিল্পকর্ম নিয়ে বিভিন্ন প্রকাশনী এবং টিভি–রেডিও চ্যানেলে আলাপ–আলোচনা হয়েছে। ‘দ্য মিয়ামি হেরাল্ড’, ‘দ্য ওয়াশিংটন পোস্ট’, ‘দ্য ব্রুক্লিন পেপার’’, ‘আর্ট এশিয়া পেসিফিক’, ‘দ্য মিলওয়াকি সেন্টিনেল’, ‘দ্য হনলুলু স্টার এডভারটাইজার’, ‘দ্য জাপান টাইমস’ নামক পত্রিকা সহ বাংলাদেশের সকল স্বনামধন্য সংবাদপত্রে এই প্রকল্পটি নিয়ে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। ২০১৯ সালে মনিকা ওয়াশিংটন ডিসি– তে ‘WRAPTURE’ নামে একটি বৃহৎ আকারের পাবলিক আর্ট উপস্থাপন করেন।

এই প্রোগ্রামটিকে আংশিকভাবে সহযোগিতা করেছেন ন্যাশনাল এন্ডাওমেন্ট ফর দ্য আর্টস, জোসেফ রবার্টস ফাউন্ডেশন এবং সিটি কাউন্সিলরের অংশীদারিত্বে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ কালচারাল অ্যাফেয়ার্স। গভর্নর অ্যান্ড্রু এম কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট লেজিসলেচারের সমর্থনে নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের মাধ্যমে ‘ওপেন সোর্স গ্যালারিতে’ প্রোগ্রামটি অনুষ্ঠিত করা সম্ভব হয়েছে। এই প্রকল্পে সহযোগিতা ও অংশগ্রহণের জন্যে বিশেষভাবে ধন্যবাদ জানানো হচ্ছে আর্টস এন্ড ডেমক্রেসি, বাংলাদেশ ইন্সিটিউট অফ পারফর্মিং আর্টস এবং বাংলাদেশী লেডিস ক্লাব।

This program is supported, in part, by the National Endowment for the Arts, the Joseph Robert Foundation, and the New York City Department of Cultural Affairs, in partnership with the City Council. Open Source Gallery programming is made possible by the New York State Council on the Arts with the support of Governor Andrew M. Cuomo and the New York State Legislature.